

বৃহস্পতিবার ১৯ ফাল্গুন ১৪১১ ৩ মার্চ ২০০৫

[ভিন্নরুল](#) :: [খেলা](#) :: [আমার জীবন](#) :: [আয়না](#) :: [সোনালি বুপালি](#) :: [টিন এজ](#) :: [আজ আমাদের ছুটি](#) ::

[সাধারণ বিভাগ](#)
[জাতীয়](#)
[মহানগর](#)
[আন্তর্জাতিক](#)
[সম্পাদকীয়](#)
[সমাজ-রাজনীতি](#)
[আমার বাংলা](#)
[ব্যবসা-বাণিজ্য](#)
[খেলাধুলা](#)
[আমার বিভাগ](#)
[আমার ঢাকা](#)
[আমার চট্টগ্রাম](#)
[আমার সিলেট](#)
[আমার রাজশাহী](#)
[আমার খুলনা](#)
[আমার বরিশাল](#)
[বিশেষ বিভাগ](#)
[তথ্য প্রযুক্তি](#)
[স্বাস্থ্য ও পরিচর্যা](#)
[লেখাপড়া](#)
[ধর্ম ও জীবন](#)
[সাহিত্য সাময়িকী](#)
[বিনোদন](#)
[এক্স-দোক্ক](#)
[চাম্বাস](#)
[মহানগর](#)

রিকশা তু লে দেয়ার আগের সিদ্ধান্ত থেকে সরে গেছে বিশ্বব্যাংক

শিমু ল মাহমুদ

রাজধানীর রাজপথ থেকে রিকশা উচ্ছেদের আগের সিদ্ধান্ত থেকে সরে গেছে বিশ্বব্যাংক। বিশ্বব্যাংক বলেছে, বিকল্প কাজের ব্যবস্থা না করে রিকশা বন্ধ করা হলে তারা ঢাকা আরবান ট্রান্সপোর্ট প্রকল্পের অর্থায়ন (ডিইউটিপি) বন্ধ করে দেবে। এর আগে তারা আর্থিক সহায়তার পূর্বশর্ত হিসেবে ৮টি প্রধান সড়ক রিকশামু ক্ত করার সময়ও বেঁধে দিয়েছিল। তাদের চাপের কারণে গাবতলী-আজিমপুর সড়ক দু'দফায় রিকশামু ক্ত করা হয়।

উল্লেখ্য, বিশ্বব্যাংকের আগের তাগিদ অনুযায়ী আগামী ২০০৬ সালের ৩১ জুলাইয়ের মধ্যে ঢাকার বাকি ৭টি প্রধান রাস্তা থেকে অযান্ত্রিক যান তু লে দেয়ার কথা ছিল। একটি অসম্পূর্ণ সমীক্ষার ভিত্তিতে বিশ্বব্যাংক প্রধান সড়ক থেকে রিকশা তু লে দেয়ার তাগিদ দেয়। মিরপুর রোডে রিকশা বন্ধের পর প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে তারা এখন তাদের সিদ্ধান্ত পুনর্মূল্যায়ন করছে। বেসরকারি সংস্থা হিউম্যান ডেভেলপমেন্ট রিসার্চ সেন্টারের (এইচডিআরসি) তৈরি এই সমীক্ষা রিপোর্টে বলা হয়, মিরপুর রোডের রিকশা তু লে দেয়ার ফলে ৯ হাজার মানুষের জীবন জীবিকার ওপর আঘাত এসেছে। রিকশা তু লে দেয়া এই রাস্তায় ভ্রমণ সময় কিছুটা কমে গেলেও যাতায়াত ব্যয় বেড়েছে ১০ ভাগ। কারণ, রিকশাযাত্রীদের একটা উল্লেখযোগ্য অংশ সিএনজি ও ট্যাক্সিক্যাবে যাতায়াত করছেন। বাস স্বল্পতার কারণে এখন যাত্রীদের গাদাগাদি করে যাতায়াত করতে হচ্ছে। এতে তাদের দু'ভোগ বেড়েছে।

বিশ্বব্যাংকের কাছে জমা দেয়া এই রিপোর্টে বলা হয়, মিরপুর রোডের রিকশা তু লে দেয়ার পর রিকশা চালকদের আয় কমে গেছে ৩২ শতাংশ। যাতায়াত খরচ ও বাসের জন্য অপেক্ষার সময়

রান্না-বান্না

ঢাকা আমার ঢাকা

আমার দেশ ই-মেইল

Site Designed
and Maintained
by: Integrated
DataSense

বেড়ে গেছে। কাছাকাছি দূরত্বের যাত্রার জন্য দু'ভোগ বেড়েছে। কারণ ক্যাব ও সিএনজি অটোরিকশা চালকরা কম দূরত্বের রাস্তায় যেতে চায় না। অনেকে আবার বেশি ভাড়াও দাবি করে। পর্যাপ্ত সংখ্যক ভালো বাস না থাকার কারণে যাত্রীদের এই সমস্যা দিন দিনই বাড়ছে। রিকশা তু লে দেয়ার সময় ধানমন্ডির কিছু রাস্তায় রিকশা লেন করে দেয়া হলেও এই রিকশা লেনে মাঝে মাঝেই ক্যাব, সিএনজি অটোরিকশা ও প্রাইভেট গাড়ি ঢু কে পড়ছে। ফলে সেসব এলাকায় তীব্র যানজট হচ্ছে। সমীক্ষায় আরো বলা হয়, রিকশা তু লে দেয়ার পর রাস্তা ব্যবহারকারীদের ঝুঁকি বেড়েছে। বিশেষ করে মহিলা, শিশু , বৃদ্ধ, অসু স্থ এবং প্রতিবন্ধীদের দু'ভোগ বেড়ে গেছে। মিরপুর রোডের পার্শ্ববর্তী রাস্তাগুলোতে যানজট ছড়িয়ে পড়েছে। রিকশা তু লে দেয়া হলেও রাস্তার অপব্যবহার বন্ধ হয়নি। এখন শু ধু গাড়ি পার্কিংয়ের জন্যই কোথাও এক লেন আবার কোথাও দু ই লেন রাস্তা বন্ধ থাকছে।

বিশ্বব্যাংক এইচডিআরসির সমীক্ষা রিপোর্ট পর্যালোচনা করে মতামত দেয় যে, এই উচ্ছেদের ফলে যাত্রীদের সমস্যা যদি বেড়ে যায় তাহলে অযান্ত্রিক যান তু লে দেয়া ঠিক হচ্ছে না।

বিশ্বব্যাংকের কান্ট্রি ডিরেক্টর ক্রিস্টিন আই ওয়ালিচ ঢাকা ট্রান্সপোর্ট কোঅর্ডিনেশন বোর্ডের কাছে সম্প্রতি লেখা এক চিঠিতে তাদের পরিবর্তিত মতামত জানান। ঢাকা ট্রান্সপোর্ট কোঅর্ডিনেশন বোর্ডের এক কর্মকর্তা গতকাল বু ধবার আমার দেশকে বলেন, আমরা বিশ্বব্যাংকের তাগিদের কারণেই ঢাকার ৮টি প্রধান করিডোর থেকে অযান্ত্রিক যান তু লে দেয়ার একটি পরিকল্পনা ডিটিসিবির বোর্ডে অনু মোদনের পর বিশ্বব্যাংকে পাঠিয়েছিলাম। বিশ্বব্যাংক সেসব রাস্তা থেকে রিকশা তু লে দেয়ার জন্য সময় নির্ধারণ করে বারবার তাগিদ দেয়। গত ডিসেম্বরে প্রথম দফা সময় পার হওয়ার আগে মাত্র একটি সড়ক রিকশামু ক্ত করা হয়। কিন্তু এই সড়ক রিকশামু ক্ত করার সু ফল পাওয়া যাচ্ছে না। তিনি বলেন, বিশ্বব্যাংক এখন ঋণ দেয়ার পূর্বশর্ত হিসেবে চালকদের পু নর্বাসনের কথা বলছে। পাশাপাশি যাত্রী দু'ভোগের চিত্রও তু লে ধরেছে। ফলে, খু ব সহসাই আর কোনো রাস্তা রিকশামু ক্ত হচ্ছে না, এটা স্লস্ট।

ঢাকায় জাতীয় ভূগোল সম্মেলন : বঙ্গোপসাগরে জলস্ফীতিতে দু'যোগের আশঙ্কা

স্টাফ রিপোর্টার

বাংলাদেশে ভূমিকম্প ও বায়ু মণ্ডলের তাপমাত্রা বৃদ্ধিজনিত কারণে সমু দ্রের জলস্তর প্রসারণের